# থ্রিডি ক্যামেরা থাকবে আইফোনে

স্টিভ জবসের মৃত্যুর পর এক অস্বস্তিকর পরিস্থিতির সম্মুখীন হয়েছে বিশ্বের অন্যতম সেরা টেক-জায়েন্ট অ্যাপল। জবসের সময়ে অ্যাপলের আইফোন প্রশ্নাতীতভাবে বিশ্বের শ্রেষ্ঠতম স্মার্টফোন হলেও গত কয়েক বছরে চিত্রটা অনেকটাই বদলেছে। আইফোনের জনপ্রিয়তায় ভাগ বসিয়েছে স্যামসাং, হুয়েই বা ওয়ানপ্লাসের মতো ব্র্যান্ডগুলি। বিশ্বে নিজেদের হারানো বাজার ফিরে পেতে এবার থ্রিডি প্রযুক্তিকেই হাতিয়ার করতে চাইছে অ্যাপল।

এই বছরের দ্বিতীয়ার্ধে বাজারে আসতে চলেছে আইফোনের নতুন মডেল। সম্প্রতি ইনটারনেটে লিক হওয়া একটি ছবিতে দেখা গিয়েছে তিনটি প্রাইমারি ক্যামেরাবিশিষ্ট আইফোনের নতুন মডেলটি। যা থেকে ধারণা করা হচ্ছে এবার আইফোনে যুক্ত হবে থ্রিডি ক্যামেরা। অন্যদিকে জানা গিয়েছে, ক্রেতাদের চাহিদা আনুযায়ী থ্রিডি সেন্সরবিশিষ্ট ক্যামেরা চিপের উৎপাদন বাড়িয়েছে সোনি। আবার সোনির ক্যামেরা চিপের ক্রেতাদের তালিকায় নাম রয়েছে অ্যাপলেরও ! ফলে দুইয়ে দুইয়ে চার করছেন সকলেই। বলাই বাহুল্য, থ্রিডি ক্যামেরার মতো ফিচার যুক্ত হলে আইফোনের চাহিদা অনেকটাই বাড়বে। থ্রিডি সেন্সর ব্যবহারের মাধ্যমে ওই নতুন মডেলের ক্যামেরার পাশাপাশি গেমিং, ইউজার ইনটারফেস, ভিডিয়ো প্লেয়ারের মানও অনেকটাই বাড়ানো সম্ভব হবে।

তবে নতুন প্রযুক্তির জন্য চাহিদা বাড়াতে পারলেও অ্যাপল তার হারানো বাজার কতটা ফিরে পাবে, তা নিয়ে সন্দেহ থেকেই যাচ্ছে। জল্পনা অনুযায়ী, থ্রিডি ক্যামেরাবিশিষ্ট নতুন মডেলটি এ বছরের সেপ্টেম্বর নাগাদ বাজারে আসবে। কিন্তু তাদের প্রতিদ্বন্দ্বী সংস্থাগুলি ইতিমধ্যেই ২০২০ সালের জন্য তৈরি হচ্ছে। যেমন, অ্যাপল জানিয়েছে আগামী বছর তারা ৫জি প্রযুক্তিবিশিষ্ট স্মার্টফোন বাজারে আনবে। এজন্য তারা ইনটেলের ৮১৬১ ৫জি মোডেম চিপ ব্যবহার করবে। কিন্তু স্যামসাং, হুয়েই এবং ওয়ানপ্লাসের মতো সংস্থাগুলি এ বছরই ৫জি স্মার্টফোন বাজারে আনার পরিকল্পনা করছে। সেক্ষেত্রে প্রযুক্তির লড়াইয়ে এই সংস্থাগুলি অ্যাপলের তুলনায় কিছুটা এগিয়ে যাবে।

**ক্রেতাদের চাহিদা আনুযায়ী থ্রিডি সেন্সর বিশিষ্ট ক্যামেরা চিপের উৎপাদন বাড়িয়েছে সোনি। আবার সোনির ক্যামেরা চিপের ক্রেতাদের তালিকায় নাম রয়েছে অ্যাপলেরও ! ফলে দুইয়ে দুইয়ে চার করছেন সকলেই।**

## উড়ন্ত গাড়ি

২০২৩ সালের মধ্যেই বাজারে এসে যাবে উবারের উড়ন্ত গাড়ি। কেমন দেখতে হবে সেই গাড়ি? উবার জানিয়েছে, হেলিকপ্টার ও বড়ো আকারের ড্রোনকে মেলালে যেমন দেখতে হয়। আমেরিকায় কনজিউমার ইলেকট্রনিক্স শো'তে উবার তাদের এই ভবিষ্যৎ প্রযুক্তির নকশা প্রকাশ করেছে। সবথেকে বিস্ময়কর ঘটনা হল, খাড়াখাড়িভাবে এই যান ওঠানামা করতে পারবে। উবারের এই উড়ন্ত গাড়ির নাম দেওয়া হয়েছে বেল নেক্সাস। উবারের লক্ষ্য, আগামী ২-৩ বছরের মধ্যে আমেরিকার লস অ্যাঞ্জেলেস ও ডালাসে 'উবার এয়ার' পরিসেবা চালু করা।

## টেসলার স্পেসএক্স

ইলেকট্রিক গাড়ির নির্মাতা টেসলার মালিক এলন মাস্কের টুইট ঘিরে হইচই টেক দুনিয়ায়। কারণ তিনি জানিয়েছেন, টেসলার রোডস্টার মডেলের নতুন সংস্করণটি শুধু দ্রুতগতিরই হবে না, তাতে যোগ করা হবে ওড়ার ক্ষমতাও। এককথায় এবার উড়ন্ত গাড়ি আনার দাবি জানিয়েছেন মাস্ক। টেসলা এই প্যাকেজের নাম দিয়েছে স্পেসএক্স। টুইট অনুযায়ী, ২০২২ সালের মধ্যেই বাজারে চলে আসবে টেসলার এই নতুন গাড়িটি। এর আগে ২০১৭ সালে রোডস্টার মডেলটি প্রকাশ্যে এনেছিল টেসলার। নির্মাতাদের দাবি অনুযায়ী, এই ইলেকট্রিক সেডান গাড়িটি মাত্র ১.৯ সেকেন্ডে ০ থেকে ৬০ মাইল প্রতি ঘণ্টা গতিবেগ তুলতে সক্ষম। আগামী বছর আসতে চলা রোডস্টারে ২০০ কিলোওয়াট ব্যাটারি রয়েছে। একবার সম্পূর্ণভাবে চার্জ হওয়া রোডস্টার ৬২০ মাইল যেতে সক্ষম। বর্তমান মডেলের সঙ্গেই ১০টি 'স্মল রকেট থ্রাসার' যোগ করে রোডস্টারের উড়ন্ত সংস্করণটি তৈরি করা হবে বলে এলন মাস্ক দাবি করেছেন।

## পিছিয়ে গিয়েছে আত্মপ্রকাশের দিন

গত বছরের অক্টোবর মাসে বাজারে নতুন হ্যান্ডসেট ওয়াই নাইন আনার কথা ঘোষণা করেছিল বিখ্যাত ফোন নির্মাতা সংস্থা হুয়েই। নির্মাতারা জানিয়েছিলেন এ বছরের শুরুর সপ্তাহেই নতুন ফোনটি কিনতে পারবেন ভারতীয় ব্যবহারকারীরা। কিন্তু শেষ পর্যন্ত ভারতের বাজারে ফোনটির আত্মপ্রকাশ স্থগিত করা হয়েছে। হুয়েইয়ের এই নতুন ফোনের সবচেয়ে আকর্ষক ফিচার এর ক্যামেরা। ফোনে দুটি

**হুয়েই ওয়াই ৯ (২০১৯)**

প্রাইমারি ও দুটি সেলফি ক্যামেরা রয়েছে। প্রাইমারি ক্যামেরা দুটির একটি ১৩ ও অন্যটি ২ মেগাপিক্সেলের। অন্যদিকে রয়েছে ১৬ ও ২ মেগাপিক্সেলের দুটি সেলফি ক্যামেরাও। এছাড়া রয়েছে সাড়ে ছয় ইঞ্চির ফুলভিউ স্ক্রিন, কিরিন ৭১০ অক্টাকোর প্রসেসর, ৪ হাজার এমএইচএ ব্যাটারি। জানা গিয়েছে, ফোনটি ৩ জিবি ও ৪ জিবি র‌্যামের দুটি মডেলে মিলবে। তবে দুটি মডেলেই ৬৪ জিবি স্টোরেজ থাকবে। রয়েছে ফিঙ্গারপ্রিন্ট সেন্সরের আধুনিকতম সংস্করণ, যার মাধ্যমে মাত্র ০.৩ সেকেন্ডে ফোনটি আনলক করা সম্ভব। ফোনটির সম্ভাব্য দাম সম্পর্কে নির্মাতারা কিছু জানায়নি।

## এই বছর একগুচ্ছ সুবিধা শাওমির ফোনে

তিনটি প্রাইমারি ক্যামেরা বিশিষ্ট স্মার্টফোন, ৫জি প্রযুক্তি, কোয়ালকমের আধুনিকতম প্রসেসর স্ন্যাপড্রাগন ৮৫৫ – নতুন বছরে ব্যবহারকারীকে একগুচ্ছ নতুন সুবিধা দিতে চলেছে চাইনিজ মোবাইল নির্মাতা শাওমি।

এবার তিনটি প্রাইমারি ক্যামেরা বিশিষ্ট ফোন আনতে চলেছে শাওমি। তাদের দুটি নতুন মডেল এমআই নাইন ও এমআই মিক্স ফোর ফোন দুটিতে তিনটি করে প্রইমারি ক্যামেরা থাকবে। জল্পনা অনুযায়ী, এবছরের প্রথম ভাগেই এমআই নাইন মডেলটি আত্মপ্রকাশ করবে। অন্যদিকে, এবছরের অক্টোবর নাগাদ এমআই মিক্স ফোর মডেলটি বাজারে আসার সম্ভাবনা রয়েছে। অবশ্য তার আগে এমআই মিক্স থ্রি এস মডেল বাজারে আনতে পারে শাওমি। গত বছর অক্টোবরে আত্মপ্রকাশ করেছে এমআই মিক্স থ্রি মডেলটি। তিনটি প্রাইমারি ক্যামেরার পাশাপাশি এমআই নাইন ও এমআই মিক্স ফোর ফোন দুটিতে কোয়ালকম স্ন্যাপড্রাগন ৮৫৫ প্রসেসর থাকবে।

এদিকে, এবছরই বাজারে আসবে এমআই মিক্স থ্রি ফোনটির ৫জি মডেল। এটিই শাওমির প্রথম ৫জি ফোন হতে চলেছে। যা থেকে ধারণা করে হচ্ছে এমআই মিক্স ফোর ফোনেও ৫জি ব্যবহার করা যাবে। তবে এমআই নাইনে ৫জি প্রযুক্তি থাকবে কিনা, তা স্পষ্ট নয়। অন্যদিকে, ৫.৮৪ ইঞ্চি স্ক্রিন ও ৬ জিবি র‌্যাম বিশিষ্ট এমআই প্লে ফোনটি চিনের বাজারে এনেছে শাওমি।

## রেডমি নোট ৭ প্রো

ফেব্রুয়ারি মাসের প্রথমদিকে বাজারে আসার সম্ভাবনা। ওই ফোনে থাকবে সনির ইমেজ সেন্সর। ফলে রেডমি নোট ৭-এর তুলনায় এই ফোনটির দাম একটু বেশি হওয়ার সম্ভাবনা।

## যন্ত্র ডাক্তার

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে বিশ্বজুড়ে যে কতরকমের পরীক্ষানিরীক্ষা হচ্ছে, তার ইয়ত্তা নেই। যন্ত্রের মাথায় মানুষের বুদ্ধি ঢুকিয়ে দেওয়ার চেষ্টা। তার মানেই যন্ত্র যে একেবারে মানুষের মতো আচরণ করতে শুরু করবে, তা নয়। কিন্তু এমন অনেক কিছু করবে যা এতদিন আমাদের ধারণার বাইরে ছিল। এখন জানা যাচ্ছে, কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে যন্ত্র রোগীর মুখ দেখে এমন কিছু জিনগত ত্রুটি চিহ্নিত করবে, চিকিৎসাবিজ্ঞানে এতদিন যাকে বিরল বলেই মনে করা হত। বিজ্ঞানীরা বলছেন, মানবশরীরে এমন কিছু জিনগত ত্রুটি থাকে যার প্রভাব পড়ে স্নায়ুতন্ত্রে এবং চেহারায় তা প্রতিফলিত হয়। ১৭ হাজার রোগীর ছবি জোগাড় করে এই পরীক্ষা চালানো হয়।




## ফেসবুক মেসেঞ্জারে ডার্ক মোড

এবার ডার্ক মোড ফিচার যোগ হতে চলেছে ফেসবুকের মেসেঞ্জারেও। ব্যবহারকারীর সুবিধার দিকটি মাথায় রেখে গুগল ও হোয়াটসঅ্যাপের মতো সংস্থাগুলি আগেই ডার্ক মোড ফিচার আনার কথা জানিয়েছে। টেকগুরু জেন মানচুন ওয়াংয়ের টুইটবার্তা থেকে বিষয়টি প্রকাশ্যে এসেছে। তিনি জানিয়েছেন, আপাতত মেসেঞ্জারের জন্য ডার্ক মোড ফিচার পরীক্ষা করছে ফেসবুক কর্তৃপক্ষ। টুইটারে মেসেঞ্জারের ডার্ক মোডের বেশ কিছু স্ক্রিনশটও দিয়েছেন ওয়াং। যা থেকে ধারণা করা হচ্ছেষ মেসেঞ্জারের 'মি' সেকশনে এই নতুন ফিচারটি যোগ করা হবে। ডার্ক মোডের ক্ষেত্রে মেসেঞ্জারের চিরপরিচিত সাদা ব্যাকগ্রাউন্ডটি কালো হয়ে যাবে। সেক্ষেত্রে লেখাগুলি সাদা রংয়ের হবে। ডার্ক মোডে ব্যবহারকারীর ডিভাইসের (ফোন, ট্যাব বা ল্যাপটপ) ব্যাটারি কম খরচ হয়।

## টেক নিউজ



**বক্তা মার্ক ঃ** ২০১৯ সাল জুড়ে ভবিষ্যৎ প্রযুক্তি সম্পর্কে তাঁর ধারণার কথা ব্যাখ্যা করবেন ফেসবুকের কর্ণধার মার্ক জুকেরবার্গ। প্রযুক্তির সম্ভাবনা, চ্যালেঞ্জ, আশা ও আশঙ্কা নিয়ে নেতা, বিশেষজ্ঞ ও সাধারণ মানুষের সঙ্গে কথা বলবেন। সেই আলোচনা ফেসবুক, ইনস্টাগ্রাম অথবা অন্য মিডিয়ার মাধ্যমে হতে পারে।

**ওয়াকিং কার ঃ** হুন্ডাইয়ের গবেষণার পরবর্তী ফসল হল এলিভেট আল্টিমেট মোবিলিটি ভেহিক্যাল। একে বলা হচ্ছে ওয়াকিং কার। বন্যা, ভূমিকম্প অথবা অন্যান্য দুর্যোগের ক্ষেত্রে এখনকার গাড়িগুলো ধ্বংসস্তূপের আশপাশে পৌঁছাতে পারে। কিন্তু এলিভেট এমন একটি যান যা চড়াই উতরাই পার করে ধ্বংসস্তূপের কেন্দ্রে পৌঁছাতে পারবে।

**চাহিদা কম ঃ** ৫জি ফোন নিয়ে নানা জল্পনা শুরু হলেও বাজারে এর চাহিদা কেমন হবে তা নিয়ে সন্দিহান মোবাইল নির্মাতারা। যার জন্য ২০১৯ সালে মাত্র ৫০ লক্ষ ৫জি ফোন তৈরি হবে। ৫জি প্রযুক্তি ব্যবহারের পরিকাঠামো সম্পূর্ণভাবে গড়ে না ওঠার জন্যই এমন পরিস্থিতি বলে ধারণা বিশেষজ্ঞদের। স্যামসাং, হুয়েই বা শাওমির মতো সংস্থাগুলি ইতিমধ্যে ৫জি ফোন আনার কথা জানিয়েছে।

## গ্যালাক্সি এস ১০

আগামী ২০ ফেব্রুয়ারি আমেরিকার সান ফ্রান্সিসকোতে স্যামসাং-এর গ্যালাক্সি সিরিজের এস ১০ মডেলের বাজারে আসার কথা ঘোষণা হবে। গ্যালাক্সি এস সিরিজের দশম বর্ষপূর্তি উদ্‌যাপিত হবে ওই অনুষ্ঠানে। গ্যালাক্সি এস ১০-এর ৫জি সংস্করণও বাজারে আসবে ওইদিন।

## আইফোনের তিনটি মডেল আনছে অ্যাপল



এই বছরেই আইফোনের তিনটি মডেল বাজারে আনতে চলেছে অ্যাপল। নতুন মডেলগুলিতে ক্যামেরার ফিচারেও কিছু পরিবর্তন আসবে। সম্প্রতি আইফোনের এক্সআর মডেলের বিক্রিতে তেমন সাড়া না পাওয়ায় হইচই শুরু হয়। ওই ফোনটি বাজারে আনার আগে অ্যাপল আয়ের যে লক্ষ্যমাত্রা ঠিক করেছিল তা পূরণ করতে পারেনি। গত সপ্তাহে অ্যাপল জানায়, চিনে আইফোনের চাহিদা কমে যাওয়াতেই এই দশা। এর ফলে অ্যাপলের শেয়ারের দর অনেকটাই পড়ে যায়। এখন নতুন যে মডেলগুলি বাজারে আনার পরিকল্পনা রয়েছে তাতে এলসিডি মডেলই অনুসরণ করা হবে। কারণ ওই মডেলের উৎপাদন অনেকদিন ধরেই চলছে। কিন্তু আইফোন নির্মাতা ঠিক করেছে ২০২০ সাল থেকে তারা ওএলইডি মডেল অনুসরণ করবে। তখন থেকেই অ্যাপলের এলসিডি মডেল পুরোপুরি ত্যাগ করার পরিকল্পনা রয়েছে।

## ডেল-এর সিক্সথ সেন্স

এবার ল্যাপটপে 'সিক্সথ সেন্স' জুড়তে চলেছে। ডেল-এর নতুন ল্যাটিটিউড ৭৪০০ ২-ইন-১ ল্যাপটপে যুক্ত হবে এই নতুন ফিচার। ইনটেলের প্রক্সিমিটি সেন্সর কনটেক্সট সেন্সিং টেকনোলজির মাধ্যমে ব্যবহারকারীর উপস্থিতি টের পাবে ল্যাপটপটি। এর ফলে ব্যবহারকারী আশেপাশে থাকলে স্লিপ মোডে চলে যাবে ল্যাপটপটি। যা ব্যাটারি বাঁচাতে সাহায্য করবে। উইন্ডোজ হ্যালো অপারেটিং সিস্টেম থাকবে এই নতুন ল্যাপটপে।

## ভাঁজ করা টিভি

**শুধু একটি বোতাম টিপে ১০ সেকেন্ড অপেক্ষা করতে হবে, ব্যাস!**

প্রযুক্তি গবেষণায় যে কী চলছে, কে জানে। এখন তো দক্ষিণ কোরীয় সংস্থা এলজি এমন টিভি এনে ফেলেছে যাকে কাগজের মতো ভাঁজ করা যাবে। দৃশ্যটা একবার কল্পনা করে দেখুন। দরকারের সময় বাইরে থাকবে টিভির পর্দা। আর যখন টিভি দেখার ইচ্ছে অথবা সময় নেই, তখন টিভির পর্দা ভাঁজ করে বাক্সে ঢুকিয়ে রাখা যাবে। শুধু একটি বোতাম টিপে ১০ সেকেন্ড অপেক্ষা করতে হবে, ব্যাস! অনেকটা যেন সায়েন্স ফিকশনের মতো। যে বাক্সে টিভি ভাঁজ করে রাখা হবে তাতে একটি অ্যাটম ডলবি স্পিকার থাকবে। কিন্তু কত দাম হবে এই টিভির? এলজি এখনও তা জানায়নি।